৩. রেফ্রিজারেন্ট এর তাপ ও ঘর্ষণ সীমিত রাখার জন্য কি ব্যবহার করা হয়?

উত্তর:

৪. আরপিএম কি দ্বারা টেস্ট করা হয়

উত্তর:

৫. এক্সপানশন ডিভাইস/ভালভ কেন ব্যবহার করা হয়?

উত্তর:

৬. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিট নেট পরিষ্কার কিভাবে করা হয়?

উত্তর:

৭. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিটের কক্ষ তাপমাত্রা কত ডিগ্রী সে.?

উত্তর:

৮. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিটের ভোল্টেজ টেস্ট করতে কি কি মিটার ব্যবহার করা হয়?

উত্তর:

## উত্তরপত্র (Answer Key)- 8: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের রেফ্রিজারেশন সিস্টেম বজায় রাখা

১. ইভাপারেটর ও কন্ডেনসার পরীক্ষার করতে কি ব্যবহার করা হয়?  
**উত্তর:** সাবান জল
২. লিক টেস্ট কেন করা হয়?  
**উত্তর:** লিক চেক না করলে মেশিনের উপর চাপ পড়ে সহজে ঠান্ডা হতে চায় না। এমনকি খারাপও হয়ে যেতে পারে। অর্থাৎ কুলিং সিস্টেম নষ্ট হয়ে যেতে পারে।
৩. রেফ্রিজারেন্ট এর তাপ ও ঘর্ষণ সীমিত রাখার জন্য কি ব্যবহার করা হয়?  
**উত্তর:** লুব্রিকেন্ট ব্যবহার করা হয়।
৪. আরপিএম কি দ্বারা টেস্ট করা হয়?  
**উত্তর:** টেকোমিটার
৫. এক্সপানশন ডিভাইস/ভালভ কেন ব্যবহার করা হয়?  
**উত্তর:** তরল রেফ্রিজারেন্ট এর প্রবাহ নিয়ন্ত্রণ করা হয়।
৬. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিট নেট পরীক্ষার কিভাবে করা হয়?  
**উত্তর:** ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিট নেট পরীক্ষার করতে আপনি ব্লোয়ার বা ভ্যাকুয়াম ক্লিনার ব্যবহার করুন। নেট অংশে ভ্যাকুয়াম ক্লিনার বা ব্লোয়ার চালিয়ে ধরে রাখলে হাওয়ার তীব্রতায় ধুলো ময়লা বের হয়ে যাবে।
৭. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিটের কক্ষ তাপমাত্রা কত ডিগ্রী সে.?  
**উত্তর:** ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিটের কক্ষ তাপমাত্রা সবসময়ই ২১ ডিগ্রী সে. বা তার বেশি হয়।
৮. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিটের ভোল্টেজ টেস্ট করতে কি কি মিটার ব্যবহার করা হয়?  
**উত্তর:** এ্যাভোমিটার বা মাল্টিমিটার, ভোল্ট মিটার এবং ক্লিপ অন মিটার ভোল্টেজ টেস্ট করতে মিটার ব্যবহার করা হয়।

## জব শীট (Job Sheet) - ৪.১ : ইভাপোরেটর/কনডেন্সার ইউনিট মান অনুযায়ী পরিষ্কার করা

উদ্দেশ্য: যথাযথ ভাবে ইভাপোরেটর/কনডেন্সার ইউনিট মান অনুযায়ী পরিষ্কার করতে পারবে।

কাজের পদ্ধতি:

১. কাজের প্রয়োজন অনুযায়ী PPE সংগ্রহ এবং পরিধান করুন।
২. রিলে নির্বাচন কর এবং সংগ্রহ করুন।
৩. প্রয়োজন অনুযায়ী টুলস, সরঞ্জাম ও উপকরণ সমূহ নির্বাচন করুন।
৪. রেফ্রিজারেশন ইউনিটের ইভাপোরেটর/কনডেন্সার বিচ্ছিন্ন করো।
৫. ওয়াকিং টেবিলে সংগ্রহিত কম্পোনেন্ট সমূহ স্থানান্তর করো।
৬. নিয়ন্ত্রণ সেটিংস পরীক্ষা এবং ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড অনুযায়ী সমন্বয় করুন।
৭. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইভাপোরেটর/কনডেন্সার(রোয়ার, স্প্রে দ্বারা) পরিষ্কার করুন।
৮. কর্মক্ষেত্র কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্রস্তুত করুন।
৯. কাজ শেষে টুলস, ইকুইপমেন্ট এবং ম্যাটারিয়ালস নির্দিষ্ট স্থানে রাখুন।
১০. কাজের শেষে জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন করুন।



চিত্র: ইভাপোরেটর/কনডেন্সার ইউনিট অনুযায়ী পরিষ্কার

**স্পেসিফিকেশন শিট (Specification Sheet) - ৪.১: ইভাপোরেটর/কনডেন্সার ইউনিট মান  
অনুযায়ী পরিষ্কার করা**

**প্রয়োজনীয় পিপিই:**

ক্রম	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড	জোড়া	০১
২	মাস্ক	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৩	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৪	এপ্রোন	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৫	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড	জোড়া	০১
৬	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

**প্রয়োজনীয় টুলস:**

ক্রম	টুলস এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	নিয়ন টেষ্টার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
২	কানেকটিং স্ক্রু ড্রাইভার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৩	কন্ট্রোল প্লায়ার্স	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৪	প্লিফিস/স্টার স্ক্রু ড্রাইভার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৫	ফ্লাট স্ক্রু ড্রাইভার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৬	ওয়্যার স্ট্রিপার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৭	ক্রিম্পিং প্লায়ার্স	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

**প্রয়োজনীয় ইকুইপমেন্টস:**

ক্রম	ইকুইপমেন্টস এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	মাল্টিমিটার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
২	ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিট	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৩	ব্লোয়ার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৪	ভ্যাকুয়াম ক্লিনার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৫	ওয়াটার গান	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

**প্রয়োজনীয় ম্যাটেরিয়াল:**

ক্রম	ম্যাটেরিয়াল এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সাবান পানি	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
২	ইভাপোরেটর	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৩	কনডেন্সার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

## জবশীট (Job Sheet) - ৪.২ : রেফ্রিজারেন্টের টিউব এবং ফিটিং ব্যবস্থা চেক করা

উদ্দেশ্য: যথাযথ ভাবে ইভাপোরেটর/কনডেন্সার ইউনিট মান অনুযায়ী পরীক্ষার করতে পারবে।

কাজের পদ্ধতি:

১. কাজের প্রয়োজন অনুযায়ী PPE সংগ্রহ এবং পরিধান করুন।
২. রিলে নির্বাচন কর এবং সংগ্রহ করুন।
৩. প্রয়োজন অনুযায়ী টুলস, সরঞ্জাম ও উপকরণ সমূহ নির্বাচন করুন।
৪. রেফ্রিজারেন্টের টিউব এবং ফিটিং ব্যবস্থা চেক করার জন্য প্রস্তুত করুন।
৫. পাইপ বা টিউব লিক চেক করুন।
৬. ফিটিংস লুজ নি়া তা চেক করুন।
৭. ইন্সুলেশন ফাটল চেক করুন।
৮. পাইপ বা টিউব পিন্চ চেক করুন। প্যারামিটারগুলি প্রস্তুতকারকের রক্ষণাবেক্ষণ ম্যানুয়ালের উপর ভিত্তি করে পরিমাপ এবং বিশ্লেষণ করুন।
৯. চাপ এবং তাপমাত্রা ড্রপ ইন্ডাক্সির চাহিদার ভিত্তিতে পরীক্ষা এবং রেকর্ড কর
১০. নিয়ন্ত্রণ সেটিংস পরীক্ষা এবং ইন্ডাক্সি স্ট্যান্ডার্ড অনুযায়ী সমন্বয় করুন।
১১. কর্মক্ষেত্র কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্রস্তুত করুন।
১২. কাজ শেষে টুলস, ইকুইপমেন্ট এবং ম্যাটারিয়ালস নির্দিষ্ট স্থানে রাখুন।
১৩. কাজের শেষে জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন করুন।



চিত্র: রেফ্রিজারেন্টের টিউব এবং ফিটিং ব্যবস্থা চেক

**স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- 8.২: রেফ্রিজারেটের টিউব এবং ফিটিং  
ব্যবস্থা চেক করা**

**প্রয়োজনীয় পিপিই:**

ক্রম	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড	জোড়া	০১
২	মাস্ক	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৩	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৪	এপ্রোন	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৫	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড	জোড়া	০১
৬	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

**প্রয়োজনীয় টুলস:**

ক্রম	টুলস এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	নিয়ন টেষ্টার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
২	কানেকটিং স্ক্রু ড্রাইভার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৩	পাফিং টুলস	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৪	ফ্ল্যারিং টুলস	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৫	সুয়েজিং টুলস	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

**প্রয়োজনীয় ইকুইপমেন্টস:**

ক্রম	ইকুইপমেন্টস এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিট	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
২	ক্লিপ অন মিটার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৩	ভ্যাকুয়াম পাম্প	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৪	গেজ মেনিফোল্ড	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৫	ওয়েল্ডিং সেট	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৬	টেম্পারেচার মিটার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৭	ব্লোয়ার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৮	পাওয়ার সাপ্লাই ইউনিট	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

**প্রয়োজনীয় ম্যাটেরিয়াল:**

ক্রম	ম্যাটেরিয়াল এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সাবান পানি	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
২	গরম পানি	স্ট্যান্ডার্ড	সংখ্যা	পরিমাণ মত
৩	ব্রেজিং রড	স্ট্যান্ডার্ড	সংখ্যা	পরিমাণ মত

৪	রেফ্রিজারেট	রেফ্রিজারেটর স্পেসিফিকেশন অনুযায়ী	সংখ্যা	পরিমান মত
৫	নাইট্রোজেন সিলিন্ডার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	পরিমান মত
৬	হোস পাইপ	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০৩

## জব শীট (Job Sheet) - ৪.৩ : রেফ্রিজারেন্ট লিক চেক এবং মেরামত করা

উদ্দেশ্য: যথাযথ ভাবে রেফ্রিজারেন্ট লিক চেক এবং মেরামত করতে পারবে।

### অ্যাক্টিভিটি - ৪.৩.১ : রেফ্রিজারেন্ট রিকভারি করা

#### কাজের পদ্ধতি

১. কাজের প্রয়োজন অনুযায়ী PPE সংগ্রহ এবং পরিধান করুন।
২. প্রয়োজন অনুযায়ী টুলস, সরঞ্জাম ও উপকরণ সমূহ নির্বাচন করুন।
৩. কর্মক্ষেত্র কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্রস্তুত করুন।
৪. রিকভারি মেশিনে হোস পাইপ রেফ্রিজারেশন ইউনিটের সাথে সংযোগ করুন।
৫. হোস পাইপটি পার্জিং করুন।
৬. সিলিন্ডারের লিকুইড ভালবটি খুলে দেন।
৭. কাজ শেষে টুলস, ইকুইপমেন্ট এবং ম্যাটারিয়ালস নির্দিষ্ট স্থানে রাখুন।
৮. কাজের শেষে জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন করুন।



চিত্র : রেফ্রিজারেন্ট রিকভারি

### অ্যাক্টিভিটি - ৪.৩.২: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিট ফ্লাশিং করা

#### কাজের পদ্ধতি

১. কাজের প্রয়োজন অনুযায়ী PPE সংগ্রহ এবং পরিধান করুন।
২. প্রয়োজন অনুযায়ী টুলস, সরঞ্জাম ও উপকরণ সমূহ নির্বাচন করুন।
৩. কর্মক্ষেত্র কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্রস্তুত করুন।
৪. কন্ডেনসার, ইভাপারেটরের এক প্রান্তে নন রিটার্ন ভাল্ব লাগাও এবং ডাই নাইট্রোজেন দিয়ে প্রেশার দেন।
৫. অপর প্রান্ত আঁজুল দিয়ে চেপে ধর। যখন প্রেশার তৈরি হবে তখন ছেড়ে দাও। এভাবে বারবার করুন।
৬. প্রাকটিক্যাল কাজ করার জন্য স্টেপ বাই স্টেপ ফলো করুন।
৭. কাজ শেষে টুলস, ইকুইপমেন্ট এবং ম্যাটারিয়ালস নির্দিষ্ট স্থানে রাখুন।
৮. কাজের শেষে জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন করুন।



চিত্র : ইউনিট ফ্লাশিং

### অ্যাক্টিভিটি - ৪.৩.৩ : ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিট লিক নির্ণয় করা

#### কাজের পদ্ধতি


১. কাজের প্রয়োজন অনুযায়ী PPE সংগ্রহ এবং পরিধান করুন।
২. প্রয়োজন অনুযায়ী টুলস, সরঞ্জাম ও উপকরণ সমূহ নির্বাচন করুন।
৩. কর্মক্ষেত্র কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্রস্তুত করুন।
৪. ইউনিটের সাথে হাই প্রেশার গেজ ও ড্রাই নাইট্রোজেন সিলিন্ডারের হোজ পাইপ সংযোগ করুন।
৫. ইউনিটে ৭০-৭৫ পি.এস.আই, ড্রাই নাইট্রোজেন প্রেশার দাও
৬. প্রেশার দিয়ে অপেক্ষা কর এবং লক্ষ্য কর গেজ মিটারের কাটা নেমে যাচ্ছে কিনা। গেজ মিটারের কাটা নেমে গেলে বুঝতে হবে ইউনিটে লিক আছে
৭. টিউবের বিভিন্ন জয়েন্টে ও সন্দেহজনক স্থানে সাবান ফেনা ধর
৮. লক্ষ্য কর কোথা থেকে সাবান ফেনার বাবল তৈরি হচ্ছে। যেখান থেকে বাবল তৈরি হচ্ছে সেখানেই লিক আছে।
৯. কাজ শেষে টুলস, ইকুইপমেন্ট এবং ম্যাটারিয়ালস নির্দিষ্ট স্থানে রাখুন।
১১. কাজের শেষে জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন করুন।



চিত্র : লিক নির্ণয়

#### অ্যাক্টিভিটি -৪.৩.৪ : ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন লিক মেরামত করা কাজের পদ্ধতি

১. প্রয়োজন অনুযায়ী PPE সংগ্রহ এবং পরিধান করুন।
২. প্রয়োজন অনুযায়ী টুলস, সরঞ্জাম ও উপকরণ সমূহ নির্বাচন করুন।
৩. কর্মক্ষেত্র কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্রস্তুত করুন।
৪. রেফ্রিজারেটর ইউনিটের চার্জিং লাইন খুলে ড্রাই নাইট্রোজেন বের করুন।
৫. ওয়েল্ডিং অথবা লকরিং জয়েন্টের মাধ্যমে লিক মেরামত করুন।
৬. ওয়েল্ডিং অথবা লকরিং এর মাধ্যমে নতুন ড্রায়ার লাগান।
৭. কাজ শেষে টুলস, ইকুইপমেন্ট এবং ম্যাটারিয়ালস নির্দিষ্ট স্থানে রাখুন।
৮. কাজের শেষে জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন করুন।



চিত্র:লিক মেরামত

#### অ্যাক্টিভিটি -৪.৩.৫ : ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন সিস্টেমটি ভ্যাকুয়াম করা কাজের পদ্ধতি

১. প্রয়োজন অনুযায়ী PPE সংগ্রহ এবং পরিধান করুন।
২. প্রয়োজন অনুযায়ী টুলস, সরঞ্জাম ও উপকরণ সমূহ নির্বাচন করুন।
৩. রেফ্রিজারেটরের সাথে হোজ পাইপ, গেজ মেনিফোল্ড, ভ্যাকুয়াম পাম্প, সঠিক রেফ্রিজারেট সিলিন্ডার স্থাপন করুন।


৪. ভ্যাকুয়াম পাম্পে বিদ্যুৎ সাপ্লাই দাও ও ভ্যাকুয়াম পাম্পটি চালু করুন।
৫. গেজ মেনিফোল্ডের সকল ভাল্ব খুলে দেন।
৬. কম্পাউন্ড গেজের কাঁটা ২৯.৯ ইঞ্চি অব মার্কারিতে নামা পর্যন্ত ভ্যাকুয়াম পাম্পটি চালু রাখ নেমে গেলে হাই প্রেসার গেজ মিটারের ভাল্বটি বন্ধ করুন।
৭. ভ্যাকুয়াম পাম্পটি বন্ধ কর এবং আনপ্লাগ করুন।
৮. কাজ শেষে টুলস, ইকুইপমেন্ট এবং ম্যাটারিয়ালস নির্দিষ্ট স্থানে রাখুন।
৯. কাজের শেষে জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন করুন।



চিত্র: সিস্টেমটি ভ্যাকুয়াম করন

### অ্যাক্টিভিটি -৪.৩.৬ : ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন রেফ্রিজারেন্ট চার্জ করা কাজের পদ্ধতি

১. প্রয়োজন অনুযায়ী PPE সংগ্রহ এবং পরিধান করুন।
২. প্রয়োজনীয় টুলস, সরঞ্জাম ও উপকরণ সমূহ নির্বাচন করুন।
৩. কর্মক্ষেত্র কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্রস্তুত করুন।
৪. গ্যাস সিলিন্ডারের ভাল্বটি খুলে ফেলুন।
৫. কম্পাউন্ড গেজে মিটারের ভাল্বটি খুলে ফেলুন।
৬. রেফ্রিজারেন্ট চার্জ করে সঠিক (রেফ্রিজারেন্ট অনুযায়ী) চার্জিং প্রেশার তৈরি কর এবং কম্পাউন্ড গেজ মিটারের ভাল্বটি বন্ধ করুন।
৭. সাপ্লাই লাইনে ক্লিপ অন মিটার সংযোগ করুন।
৮. রেফ্রিজারেন্ট অনুযায়ী, রানিং প্রেশার ও অ্যাম্পিয়ার সঠিক আছে কিনা লক্ষ্য করুন।
৯. রেফ্রিজারেন্ট অনুযায়ী,, রানিং প্রেশার ও অ্যাম্পিয়ার কম হলে পুনরায় রেফ্রিজারেন্ট চার্জ করে সঠিক রানিং প্রেশার ও অ্যাম্পিয়ার (ইনফরমেশন শিটে উল্লেখিত) তৈরি করুন।
১০. টুলস, ইকুইপমেন্ট এবং ম্যাটারিয়ালস নির্দিষ্ট স্থানে রাখুন।
১১. কাজের শেষে জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন করুন।



চিত্র: রেফ্রিজারেন্ট চার্জ

### অ্যাক্টিভিটি -৪.৩.৭ : ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন পরিপূর্ণ গ্যাস চার্জ হয়েছে কিনা পর্যবেক্ষন করা কাজের পদ্ধতি

১. প্রয়োজন অনুযায়ী PPE সংগ্রহ এবং পরিধান করুন।
২. প্রয়োজন অনুযায়ী টুলস, সরঞ্জাম ও উপকরণ সমূহ নির্বাচন করুন।
৩. কর্মক্ষেত্র কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্রস্তুত করুন।
৪. সঠিক গ্যাস চার্জিং এর লক্ষন গুলি মেলাও ও সঠিক তথ্য ডাটা পিঠে লিখুন।
৫. লক্ষণ গুলি মিলে গেলে পেলে গ্যাস সিলিন্ডারের ভাল্বটি বন্ধ কর এবং হোজ পাইপ ও গেজ মেনিকোল্ড খুলে ফেলুন।
৬. প্রাকটিক্যাল কাজ করার জন্য স্টেপ বাই স্টেপ ফলো করুন।
৭. কাজ শেষে টুলস, ইকুইপমেন্ট এবং ম্যাটারিয়ালস নির্দিষ্ট স্থানে রাখুন।
৮. কাজের শেষে জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন করুন।

**স্পেসিফিকেশন শিট (Specification Sheet)- ৪.৩: রেফ্রিজারেট লিক চেক এবং মেরামত করা**

**প্রয়োজনীয় পিপিই:**

ক্রম	পিপিই এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সেফটি সু	স্ট্যান্ডার্ড	জোড়া	০১
২	সেফটি হেলমেট	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৩	এপ্রোন	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৪	হ্যান্ড গ্লাভস	স্ট্যান্ডার্ড	জোড়া	০১
৫	সেফটি গগলস	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

**প্রয়োজনীয় টুলস:**

ক্রম	টুলস এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	নিয়ন টেস্টার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
২	কানেকটিং স্ক্রু ড্রাইভার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৩	পাঞ্চিং টুলস	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৪	ফ্লায়ারিং টুলস	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৫	সুয়েজিং টুলস	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

**প্রয়োজনীয় ইকুইপমেন্টস:**

ক্রম	ইকুইপমেন্টস এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিট	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
২	ক্লিপ অন মিটার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৩	ভ্যাকুয়াম পাম্প	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৪	গেজ মেনিফোল্ড	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৫	ওয়েল্ডিং সেট	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৬	টেম্পারেচার মিটার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১
৭	ব্লোয়ার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০১

**প্রয়োজনীয় ম্যাটেরিয়াল:**

ক্রম	ম্যাটেরিয়াল এর নাম	স্পেসিফিকেশন	একক	পরিমাণ
১	সাবান ও গরম পানি	স্ট্যান্ডার্ড	সংখ্যা	পরিমাণ মত
২	ব্রেজিং রড	স্ট্যান্ডার্ড	সংখ্যা	পরিমাণ মত
৩	রেফ্রিজারেট	রেফ্রিজারেটর স্পেসিফিকেশন অনুযায়ী	সংখ্যা	পরিমাণ মত
৪	নাইট্রোজেন সিলিন্ডার	স্ট্যান্ডার্ড	সংখ্যা	পরিমাণ মত
৫	হোস পাইপ	স্ট্যান্ডার্ড	সংখ্যা	০৩

**শিখনফল (Learning Outcome)- ৫ : ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের এয়ার ডিস্ট্রিবিউশন  
সিস্টেম বজায় রাখতে পারবে**

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> <li>এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম কম্পোনেন্টগুলি চেক এবং বায়ু প্রবাহের হার ভারসাম্যপূর্ণ করতে সক্ষম হয়েছে</li> <li>এয়ার সাপ্লাই সিস্টেমগুলি চেক করতে এবং অপারেশনাল এবং নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা পূরণের জন্য রক্ষণাবেক্ষণ করতে সক্ষম হয়েছে</li> </ol>
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> <li>প্রকৃত কর্মক্ষেত্র অথবা প্রশিক্ষণ পরিবেশ</li> <li>এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম</li> <li>এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম চেক করার যন্ত্রপাতি</li> <li>সিবিএলএম</li> <li>হ্যান্ডআউটস</li> <li>ল্যাপটপ</li> <li>মাল্টিমিডিয়া প্রজেক্টর</li> <li>কাগজ, কলম, পেন্সিল ও ইরেজার</li> <li>ইন্টানেট সুবিধা</li> <li>হোয়াইট বোর্ড ও মার্কার</li> </ol>
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> <li>এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম কম্পোনেন্টগুলি চেক করার পদ্ধতি</li> <li>এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেমের বায়ু প্রবাহের হার ভারসাম্যপূর্ণ করার পদ্ধতি</li> <li>এয়ার সাপ্লাই সিস্টেমগুলি পরীক্ষা করার পদ্ধতি</li> <li>অপারেশনাল এবং নিয়ন্ত্রণ পদ্ধতি</li> </ol>
এক্টিভিটি	<ol style="list-style-type: none"> <li>এয়ার সাপ্লাই সিস্টেমগুলি চেক করে অপারেশনাল এবং নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা পূরণের জন্য রক্ষণাবেক্ষণ করুন</li> </ol>
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>আলোচনা (Discussion)</li> <li>উপস্থাপন (Presentation)</li> <li>প্রদর্শন (Demonstration)</li> <li>নির্দেশিত অনুশীলন (Guided Practice)</li> <li>স্বতন্ত্র অনুশীলন (Individual Practice)</li> <li>প্রজেক্ট ওয়ার্ক (Project Work)</li> <li>সমস্যা সমাধান (Problem Solving)</li> <li>মাথাখাটানো (Brainstorming)</li> </ol>
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<ol style="list-style-type: none"> <li>লিখিত অভীক্ষা (Written Test)</li> <li>প্রদর্শন (Demonstration)</li> <li>মৌখিক প্রশ্ন (Oral Questioning)</li> </ol>

**শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) - ৫ : ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম বজায় রাখা**

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যবহার করুন।

শিখন কার্যক্রম (Learning Activities)	উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)
১. প্রশিক্ষার্থীগণ কোন শিক্ষা উপকণর ব্যবহার করবে সে সম্পর্কে প্রশিক্ষকের নিকট জানতে চাইবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের “ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম বজায় রাখা” শেখার জন্য উপকণর প্রদান করবেন।
২. ইনফরমেশন শীট পড়তে হবে।	২. ইনফরমেশন শীট ৫ : ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম বজায় রাখা
৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে।	৩. সেলফ-চেক শীট ৫ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৫ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব/টাস্ক শীট ও স্পেসিফিকেশন শীট অনুযায়ী জব সম্পাদন করুন।	৪. নিম্নোক্ত জব/টাস্ক শীট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন টাস্ক শিট ৫.১ : এয়ার সাপ্লাই সিস্টেমগুলি চেক করুন এবং অপারেশনাল এবং নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা পূরণের জন্য রক্ষণাবেক্ষণ করা

## ইনফরমেশন শিট (Information Sheet) -৫: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম বজায় রাখা


**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ নিম্নোক্ত বিষয়গুলো ব্যখ্যা করতে, বর্ণনা করতে ও তথ্যগুলো কাজে প্রয়োগ করতে পারবে

- ৫.১ এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম কম্পোনেন্টগুলি চেক করার পদ্ধতি
- ৫.২ এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেমের বায়ু প্রবাহের হার ভারসাম্যপূর্ণ করার পদ্ধতি
- ৫.৩ এয়ার সাপ্লাই সিস্টেমগুলি পরীক্ষা করার পদ্ধতি
- ৫.৪ অপারেশনাল এবং নিয়ন্ত্রন পদ্ধতি

- ৫.১ এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম কম্পোনেন্টগুলি চেক করার পদ্ধতি

### ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স কম্পোনেন্ট

ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের হিমায়েন ইউনিটকে সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স কম্পোনেন্টগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের হিটিং সিস্টেম, কুলিং সিস্টেম, হিউমিডিফিকেশন সিস্টেম, ডি- হিউমিডিফিকেশন সিস্টেমসমূহ স্বয়ংক্রিয়ভাবে চালু, বন্ধ, নিরাপত্তা বিধান ও নিয়ন্ত্রণ করার জন্য কম্পোনেন্টসমূহ অত্যাবশ্যিক। শুধু তাই নয় এটা সিস্টেমে বিভিন্ন সমস্যাবলী নির্দেশকের মাধ্যমে চিহ্নিত করে হিমায়েন ইউনিটকে নিরাপদ ও নির্বিঘ্ন পরিচালনা করে।



চিত্র: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের কন্ট্রোল সিস্টেমের ওয়ারিং ডায়াগ্রাম

### ইলেকট্রনিক কন্ট্রোল মডিউল

ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের ইলেকট্রনিক কন্ট্রোল মডিউল (ECM) এর বৈদ্যুতিক সার্কিট, সেন্সর ও স্বয়ংক্রিয় নিয়ন্ত্রক ডিভাইসগুলোকে একটি ইলেকট্রনিক প্রিন্টেড সার্কিট বোর্ড (PCB) এ সন্নিবেশিত করেছে। এতে করে সিস্টেমের দক্ষতা বৃদ্ধির সাথে সাথে স্থায়িত্বতা ও বিশ্বস্ততাও বৃদ্ধি পেয়েছে।



### ইলেকট্রো সার্ভো-কন্ট্রোল

ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের হিমায়ন ইলেকট্রো সার্ভো-কন্ট্রোল সিস্টেম সচরাচর ব্যবহৃত কন্ট্রোলিং ডিভাইস, যা নিয়ন্ত্রিত বাতাসকে প্যাসেঞ্জার কম্পার্টমেন্টের চাহিদা অনুসারে তাপমাত্রা ও আর্দ্রতা নিয়ন্ত্রণ করে স্বয়ংক্রিয়ভাবে সরবরাহ করা যায়। ইলেকট্রো সার্ভো-কন্ট্রোল বাতাসের প্রবাহ নির্দিষ্ট পরিমাণে সার্ভো মোটর ভেনসমূহ ওপেন ক্লোজ করে নিয়ন্ত্রণ করে। এটা এসি ডিসি উভয় বৈদ্যুতিক প্রবাহ দিয়ে পরিচালিত হলেও সাধারণত ডিসি সরবরাহ দিয়ে এ কন্ট্রোলিং ডিভাইস কাজ করে। সম্পূর্ণ কন্ট্রোল ইউনিটটি হিমায়ন সিস্টেমের অভ্যন্তরে নিরাপদ স্থানে স্থাপন করা যায়। এ পদ্ধতি অ্যান্টি-আইসিং করে কোনক্রমেই ইভাপোরেটর বা কুলিং করেলে তুষার জমতে দেয় না।



### ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের ক্লাচ সাইক্লিং সুইচ

ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের হিমায়ন সিস্টেমের ক্লাচ সাইক্লিং সুইচ হল একটি নিয়ন্ত্রণ ও নিরাপত্তা ডিভাইস। সিস্টেমের লো সাইড এবং হাই সাইড দুই দিকেই এই ইলেকট্রিক সুইচ লাগানো থাকে। লো প্রেশার সুইচ কম্প্রেসরের পূর্বে সাধারণত এ্যাকুমুলেটরের উপর স্থাপন করা হয় এবং হাই প্রেশার সুইচ কম্প্রেসরের পরে থাকে। সুইচটি স্বয়ংক্রিয়ভাবে ক্লাচের বৈদ্যুতিক প্রবাহ নিয়ন্ত্রণ করে হিমায়ন দক্ষতা বৃদ্ধি করে। এয়ার কন্ডিশনারের সাইক্লিং সুইচ হিমায়ন চক্রের অভ্যন্তরীণ চাপ অনুযায়ী রেজিস্ট্যান্সের পরিবর্তন ঘটায়। তখন এই ইনফরমেশন ব্যবহার করে ইলেকট্রনিক কন্ট্রোল মডিউল সেটিং প্রোগ্রাম অনুযায়ী কম্প্রেসরের ক্লাচ নিয়ন্ত্রণ করে। এভাবে প্রক্রিয়াটি অনবরত চলতে থাকে। হাই প্রেশার সুইচ ও অনুরূপ ভাবে বেশি চাপে কম্প্রেসর বন্ধ করে এবং সেটিং প্রেসারে চালু করে।



### থার্মোস্ট্যাটিক সাইক্লিং সুইচ

থার্মোস্ট্যাটিক সাইক্লিং সুইচ বা সাইক্লিং থার্মোস্ট্যাট হিমায়ন সিস্টেমে ইভাপোরেটরের তাপমাত্রা নির্দিষ্ট মানে পৌঁছানোর আগে পর্যন্ত ইভাপোরেটরকে নিয়ন্ত্রণ করে। ইভাপোরেটরের তাপমাত্রা নির্দিষ্ট মানে পৌঁছানোর পর কম্প্রসরের ক্লাচকে অন/অফ করে। ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের হিমায়ন সিস্টেমে ইভাপোরেটরের তাপমাত্রা নিয়ন্ত্রণ পদ্ধতিতে থার্মোস্ট্যাটিক সাইক্লিং সুইচ ডিস্টিং বা অ্যান্টি আইসিং ক্রিয়া সম্পন্ন করে। কন্ট্রোল সিস্টেমের এ্যাডজাস্টমেন্ট সেটিং এর মাধ্যমে থার্মোস্ট্যাটিকে অন-অফ করে। সিস্টেমে যখন ২৬ ডিগ্রী ফাঃ (-৩ ডিগ্রী সে.) তাপমাত্রার উদ্ভব হয় তখন ইভাপোরেটরে বরফ জমার প্রবণতা সৃষ্টি করে ফলে এ তাপমাত্রায় পৌঁছানোর সাথে সাথে থার্মোস্ট্যাট সিগন্যালের মাধ্যমে বরফ সৃষ্টিতে বাধা প্রদান করে।




### অ্যাঞ্চিয়েন্ট টেম্পারেচার সুইচ

অ্যাঞ্চিয়েন্ট টেম্পারেচার সুইচটি হিমায়ন সিস্টেমের ইনলেট এয়ার ডাক্টে বসানো থাকে। এটা বাইরে থেকে সিস্টেমে প্রবাহিত বাতাসের তাপমাত্রা সেনসিং করে। যদি বাতাসের তাপমাত্রা প্রিসেট তাপমাত্রা থেকে নিচে থাকে অর্থাৎ ৪০ ডিগ্রী (৮.৮ ডিগ্রী সে.) তবে এ সুইচ কম্প্রসর ক্লাচ সার্কিটকে খুলে দেয়।



### লো-প্রেসার কাট অব সুইচ

লো-প্রেসার কাট অব সুইচটি ইভাপোরেটর এর চাপ সেনসিং করে। যদি ইভাপোরেটরে প্রেসার-ড্রপ খুবই বেশি হয় তখন লো-প্রেসার কাট অব সুইচটি কম্প্রসরের ক্লাচকে বিচ্ছিন্ন করে দেয় নিম্ন ইভাপোরেটিভ প্রেসার সিস্টেমে হিমায়ক ঘাটতি এবং কম্প্রসরে তেলের ঘাটতি প্রকাশ করে। এভাবে সিস্টেমে কম্প্রসর চালনা করলে কম্প্রসর ক্ষতিগ্রস্ত কিংবা নষ্ট হতে পারে।



### হাই-প্রেসার রিলিফ ভালভ

কোন কারণে সিস্টেমের হাই-সাইডে যদি অতিরিক্ত মাত্রায় বেড়ে যায় তখন রিলিফ ভালভ ওপেন হয়ে চাপ সমতা করে। কোন ময়লা-আবর্জনা দিয়ে কন্ডেন্সার ব্লকড হলে অথবা অন্য কোন কারণে বাতাস প্রবাহে বাধা সৃষ্টি হলে সিস্টেমের চাপ অত্যধিক বেড়ে যায়, তখন হাই প্রেসার রিলিফ ভুক্ত স্বয়ংক্রিয়ভাবে কাজ করে সিস্টেমকে নিয়ন্ত্রণ করে। এছাড়া চার্জিং এর সময় অতিরিক্ত হিমায়ক চার্জ হলে সিস্টেম প্রতিকূল অবস্থায় পড়ে বা হাই প্রেসার রিলিফ ভালভ নিয়ন্ত্রণ করতে পারে।



### হাই-প্রেসার কাট অব সুইচ

হাই প্রেসার কাট অফ সুইচ কম্প্রসরের আউটলেটে অর্থাৎ ডিসচার্জ লাইনে বসানো হয়। সিস্টেমে যখন ডিসচার্জ প্রেসার বেশি হয় তখন হাই প্রেসার কাট অফ সুইচ ওপেন হয়ে কম্প্রসরের ক্লাচকে বিচ্ছিন্ন করে। হাই প্রেসার কাট অফ সুইচের ওপেনিং প্রেসার প্রায় ৪৩০ পি. এস. আই (২৯৬৭ কে.পিএ)।



## ৫.২ এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেমের বায়ু প্রবাহের হার ভারসাম্যপূর্ণ করার পদ্ধতি

ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন এর রেফ্রিজারেন্ট ইউনিট পরিচালনার জন্য প্রাইমমুভার হিসেবে ইঞ্জিন ব্যবহৃত হয়। তাই ইঞ্জিনের আরপিএম পরিবর্তনের সাথে সাথে কম্প্রসরের গতি ওঠানামা করে। যে কারণে রেফ্রিজারেন্ট প্রক্রিয়া কিছুটা বিঘ্নিত হয়। এই অসুবিধা দূর করার জন্য বর্তমানে পাড়িতে থার্মোস্টেটিক সুইচ নিয়ন্ত্রিত ম্যাগনেটিক ক্লাচ-এর মাধ্যমে কম্প্রসরের কাজ নিয়ন্ত্রণ করা হয়। যে সিস্টেমের মাধ্যমে একটি আবদ্ধ স্থান বা কক্ষের মধ্যে অবস্থিত বাতাসের তাপমাত্রা, আর্দ্রতা, গতিবেগ এবং বিরুদ্ধতা ইত্যাদি নিয়ন্ত্রণ করে আরামদায়ক পরিবেশ সৃষ্টি করা যায় তাকে এয়ার কন্ডিশনিং সিস্টেম বলে। অটোমোবাইল এয়ার কন্ডিশনিং অন্যান্য এয়ার কন্ডিশনিং এর মতই। তবে এর রেফ্রিজারেন্ট হিসেবে ১৯৯৬ সাল হতে R-12 এর পরিবর্তে R-134a ব্যবহৃত হয় এবং কম্প্রসর ইঞ্জিন দিয়ে পরিচালিত হয়। ইঞ্জিনের শক্তি ক্র্যাংক শ্যাফট থেকে সরাসরি তি-বেল্ট ও পুলির মাধ্যমে কম্প্রসরে সরবরাহ করা হয়। তাই ইঞ্জিন দিয়ে পরিচালিত কম্প্রসর কর্তৃক রেফ্রিজারেন্ট সাইকেল এবং রোয়ার দিয়ে বাতাস প্রবাহের মাধ্যমে গাড়ি এয়ার কন্ডিশনিং হয়। গাড়ির কেবিন বা অভ্যন্তরে কুলিং ক্ষমতা প্রয়োগ করে গ্রীষ্মকালে আরামদায়ক শীতল পরিবেশ সৃষ্টি করা এবং হিটিং ক্ষমতা প্রয়োগ করে শীতকালে আরামদায়ক গরম পরিবেশ সৃষ্টি করাই কার এরার কন্ডিশনারের প্রধান কাজ। গ্রীষ্মকালে এয়ারকন্ডিশনিং স্পেসের আর্দ্রতা কমানো প্রয়োজন। তখন ইভাপারেটর কিছু পরিমাণ জলীয়বাষ্প শোষণ করে বাতাসকে আর্দ্রতা যুক্ত করে। এ ছাড়াও নিয়ন্ত্রিত বাতাসকে বিশুদ্ধ করার জন্য ফিল্টার ব্যবহার করা হয়। এক বাক্যে বলতে গেলে, গাড়ির ভেতরের বাতাসের তাপমাত্রা, আর্দ্রতা, বিশুদ্ধতা, গতিবেগ নিয়ন্ত্রণ করে মানুষের জন্য আরামদায়ক আবহাওয়া সৃষ্টি করাই এয়ার কন্ডিশনারের উদ্দেশ্য।



চিত্র: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন বায়ু প্রবাহ

পারিপার্শ্বিক বাতাস (Ambient Air) ইনলেট এয়ার ডাক্টে অ্যাম্বিয়েন্ট এয়ার সুইচ (Ambient Air Switch) দিয়ে নিয়ন্ত্রিত হয়। এই সুইচ বাইরে থেকে প্রবাহিত বাতাসের তাপমাত্রার মান রক্ষা করে। আধুনিক কার এই অ্যাম্বিয়েন্ট সেন্সরের উপাত্ত দিয়ে ইলেকট্রনিক কন্ট্রোল মডিউলের মাধ্যমে সুইচিংয়ের কাজ সম্পন্ন হয়। যদি পারিপার্শ্বিক বাতাসের তাপমাত্রা পূর্বনির্ধারিত তাপমাত্রার নিচে নেমে যায় (যেমন, 40°F, বা 4.4°C এর নিচে) তখন এই সুইচ কম্প্রসর ক্লাচ সার্কিট (Compressor Clutch Circuit) কে বিচ্ছিন্ন করে, ফলে কম্প্রসর চালু হতে পারে না।

### ৫.৩ এয়ার সাপ্লাই সিস্টেমগুলি পরীক্ষা করার পদ্ধতি

ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিটের যেকোন ধরনের যানবাহনে তথা অটো ভেহিক্যালসমূহের কম্প্রসর হিমায়ন পদ্ধতির প্রাণ। কম্প্রসর ত্রুটিপূর্ণ হলে সিস্টেমের অন্যান্য যন্ত্রাংশসমূহ সচল থেকেও এয়ারকন্ডিশনিং সিস্টেমকে কার্যকর রাখা যায় না। সাধারণত দু'টি পদ্ধতিতে কম্প্রসরসহ অন্যান্য যন্ত্রাংশসমূহ পর্যবেক্ষণ করা যায়।



চিত্র: তাপমাত্রা পরিমাপ

### ক. দ্রুত পরীক্ষণ পদ্ধতি

ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিটের হিমায়ন পদ্ধতি সাধারণ নিয়মে পরিচালিত হলে হাই-প্রেসার সাইড গরম অনুভূত হয় এবং লো-প্রেসার সাইড ঠান্ডা অনুভূত হয়। এ ঠান্ডা বা গরম অনুভব করার জন্য হিমায়ক লাইনের হোস বা টিউব-কে হাত দিয়ে স্পর্শ করে দ্রুত নিরীক্ষণ করা যায়। হাই-প্রেসার লাইন কম্প্রসরের ডিসচার্জ থেকে শুরু করে কভেলার হয়ে অরিফিস টিউব বা এক্সপানশন ডিভাইস পর্যন্ত, বা গরম অনুভূত হবে। যদি কম্প্রসর সঠিকভাবে হিমায়ক সঞ্চালন করে, তবে হাই-প্রেসার লাইন হাত দিয়ে স্পর্শ করলে গরম অনুভূত হয়। আবার অরিফিস টিউব হতে শুরু করে ইভাপারেটর হয়ে কম্প্রসরের সাকশন লাইন

পর্যন্ত লো প্রেশার সাইড, যা ঠান্ডা অনুভূত হবে। যদি হিমায়ন চক্রে কম্প্রসর সুষ্ঠুভাবে পরিচালিত হয় তবে এ লাইনে হাত দিয়ে স্পর্শ করলে ঠান্ডা অনুভূত হবে। হিমায়ক লাইনের দৈর্ঘ্য এবং অভ্যন্তরীণ গঠন কাঠামোর উপর ভিত্তি করে সিস্টেমের তাপমাত্রার পরিবর্তন হয়। যদি কোন সিস্টেমে কম্প্রসর চালু অবস্থায় হাই প্রেশার সাইড এবং লো- প্রেশার সাইডে তাপমাত্রার উল্লেখযোগ্য কোন পরিবর্তন পরিলক্ষিত না হয় তবে বোঝা যায় যে, সিস্টেমে হিমায়কের ঘাটতি আছে অর্থাৎ কম্প্রসর সঠিক মাত্রায় হিমায়ক সঞ্চালন করতে পারছে না।

হিমায়নের কম্প্রসর পর্যবেক্ষণে দু'টি শর্ত মেনে চলতে হয়-

- হাই-সাইডের হোস ও টিউব লো-সাইডের হোস ও টিউব হতে অপেক্ষাকৃত কম ডায়ামিটারের হবে
- অধিক আর্দ্রতায় বা বৃষ্টির সময় লো-সাইডের হোস ও টিউব ঘামবে বা তুষার আবৃত হবে

#### খ. চাক্ষুষ পরীক্ষণ পদ্ধতি

ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিটের যন্ত্রাদি সঠিক নিয়মে পরিচালিত না হয়, তবে এটি চাক্ষুষ পর্যবেক্ষণের মাধ্যমে নির্ণয় করা যায়। অনুপযুক্ত এয়ারকন্ডিশনিং পরিচালনার বিভিন্ন কারণসমূহ ভিজুয়াল ইন্সপেকশন দিয়ে বের করা যায়। যেমন-

- বেল্ট ছিড়ে যাওয়া বা বেল্টের লুজ সংযোগ
- কন্ডেন্সার বাতাস প্রবাহে বাধা
- কম্প্রসর ক্লাচের লুজ সংযোগ
- কম্প্রসর মাউন্টিং ব্রাকেট ভাঙা

এ ছাড়াও অনুপযুক্ত পরিচালনার মধ্যে ভিজুয়াল ইন্সপেকশনগুলো হল-

- বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন
- সরবারহ পরিচালনার অনুপযুক্ত তার
- হিমায়ন লাইনে তেলের লিকেজ
- ইঞ্জিনের কুলিং সিস্টেমে কাজ না করা।

ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিটের কম্প্রসর পর্যবেক্ষণ একটি বিশেষ ডিভাইসের মাধ্যমেও বিভিন্ন সমস্যাসমূহ পর্যবেক্ষণ করা যায় একে স্ক্যান টুলস বলে, যা A/C Compressor, A/C Clutch, A/C Pressure, Coolent Temperature এবং ফ্যান ইত্যাদির বিভিন্ন সমস্যাগুলো চিহ্নিত করে। এছাড়া ইলেকট্রনিক টেম্পারেচার কন্ট্রোলার হিমায়ন সিস্টেমে ভুলের সংকেত এবং সমস্যাগুলো চাক্ষুষ পর্যবেক্ষণের মাধ্যমে চিহ্নিত করা যায়।

#### ৫.৪ অপারেশনাল এবং নিয়ন্ত্রন পদ্ধতি

ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেম

ক. হস্তচালিত ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেম

কার এয়াকন্ডিশনিং পদ্ধতিতে বেশ কিছু কার এ হস্তচালিত ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেম ব্যবহার হয়ে থাকে। পাড়িচালক এয়ার কন্ডিশনিং নিয়ন্ত্রণের জন্য সিলেক্টর সুইচগুলো হাত দিয়ে সেটিং করে গাড়ির অভ্যন্তরে নিয়ন্ত্রিত প্রবাহ সৃষ্টি করে। তাই সিলেক্টর লিভারগুলোকে হাত দিয়ে স্থানান্তর করে মোড পরিবর্তন করে বলে একে হস্তচালিত ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেম বলে। এ পদ্ধতিতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের এয়ারভেন্ট) ও কন্ট্রোল হিটার বা কুলার কে চালু বা বন্ধ করার জন্য সিলেক্টর সুইচ বা লিভারকে শার্ট অফ করা হয়, ফলে পাড়ির অভ্যন্তরে নিয়ন্ত্রিত বাভাসের সৃষ্টি হয়। কন্ট্রোল প্যানেলে ১ থেকে ৭ পর্যন্ত সাতটি সিলেক্টর লিভার আছে-

- ব্লোয়ার বন্ধ তাই সিলেক্টর লিভার অফ (Off) পজিশন।
- সর্বোচ্চ ঠান্ডা বাতাস প্রবাহের মাধ্যমে গাড়ির অভ্যন্তরে শীতলতা বজায় রাখে।
- নিয়ন্ত্রিত বাভাস সরাসরি প্যানেলে প্রবাহিত হয়ে ফ্লোর আউটলেট এবং উইন্ডশিল্ড এর মধ্যে প্রবেশ করে।
- নিয়ন্ত্রিত বাতাস সরাসরি প্যানেলে প্রবাহিত হয়ে ফ্লোর আউটলেট এবং উইন্ডশিল্ডে পরিচালিত হবে।
- কম্প্রসর বন্ধ অবস্থায় বাইরের সজীব বাতাস কন্ট্রোল প্যানেল আউটলেটে প্রবেশ করে।
- কম্প্রসর বন্ধ অবস্থায় বাইরের সজীব বাতাস এবং নিয়ন্ত্রিত কম্প্রসর বাতাস ৪০% এবং ২০% হারে মিক্সিং করে নিয়ন্ত্রিত স্থানে প্রবেশ করে।
- নিয়ন্ত্রিত বাতাস ৪০% উইন্ডশিল্ডে ও জানালা দিয়ে এবং ২০% ফ্লোর আউটলেট দিয়ে প্রবাহিত হয়। তবে বর্তমানে এই কন্ট্রোল সিস্টেম তেমন ব্যবহার করা হয় না।



চিত্র: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের ম্যানুয়াল ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেম

#### খ. স্বয়ংক্রিয় ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেম

স্বয়ংক্রিয় ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেম কার এয়াকন্ডিশনিং অনেকটা হস্তচালিত ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেমের মতই। তবে পার্থক্য শুধু গাড়ির চালককে সিলেক্টর সুইচের লিভার অটোমেটিক পজিশনে রাখতে হয়। নির্ধারিত তাপমাত্রা নিয়ন্ত্রণের ক্ষেত্রেও সিলেক্টর সুইচকে অটোমেটিক পজিশনে রাখতে হবে। স্বয়ংক্রিয়ভাবে গ্যাসের কম্পার্টমেন্টের চাহিদা অনুসারে শীতাতপ নিয়ন্ত্রক যন্ত্রের মাধ্যমে গরম বা ঠান্ডা প্রয়োজন অনুসারে কাজ করে। বিশেষ ক্ষেত্রে ব্লোয়ারের গতি স্বয়ংক্রিয়ভাবে নিয়ন্ত্রণ করা হয়। স্বয়ংক্রিয়ভাবে

কাজ করে বলে গাড়ির চালকের অন্যকোন অতিরিক্ত নিয়ন্ত্রণের প্রয়োজন হয় না, কারণ সিস্টেমটি তখন প্রোগ্রাম সেটিং অনুযায়ী কাজ করে।

উচ্চ বিলাসী গাড়ি বা কারসমূহে ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেমে বডি কন্ট্রোল মডিউল (Body Control Module, BCM) ব্যবহার করা হয়। একে সূক্ষ্ম তাপমাত্রা নিয়ন্ত্রণে একটি মাইক্রো প্রসেসরের (Microprocessor) প্রয়োজন হয় বা কারের সামনের ও পিছনের সিটে (Front seat and back seat) ভিন্ন ভিন্ন তাপমাত্রা নিয়ন্ত্রণ করা যায়।

স্বয়ংক্রিয়ভাবে ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেমে বিভিন্ন সেন্সর থেকে উপাত্ত (Data) সংগ্রহ করে এয়ার কন্ডিশনিং নিয়ন্ত্রণ করে। যেমন-

- ক. সানলোড বা সোলার সেন্সর (Sunload or Solar Sensor)
- খ. ইন ভেহিক্যাল টেম্পারেচার সেন্সর (In Vehicle Temperature Sensor)
- গ. অ্যামবিয়েন্ট টেম্পারেচার সেন্সর (Ambient Temperature Sensor)
- ঘ. ইঞ্জিন কুলেন্ট টেম্পারেচার সেন্সর (Engine Coolant Temperature Sensor)
- ঙ. ক্লাচ সাইক্লিং প্রেসার সুইচ (Clutch Cycling Pressure Switch)
- চ. ইনট্রুমেন্ট প্যানেল (Instrument Panel) |

বিভিন্ন উপাত্ত থেকে সংগৃহীত উপাত্ত সমন্বয় করে ইলেকট্রনিক কন্ট্রোল মডিউল স্বয়ংক্রিয়ভাবে এয়ার কন্ডিশনিং নিয়ন্ত্রণ করে। এ পদ্ধতিতে গাড়ির দরজাগুলো, স্লোয়ার মোটর এবং কম্প্রসরের ক্লাচ স্বয়ংক্রিয়ভাবে নিয়ন্ত্রিত হয়।




চিত্র: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের স্বয়ংক্রিয় ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেম

#### ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের মেকানিক্যাল/ভেপার কম্প্রসন সাইকেল

ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের এ হিমায়কের (Refrigerant) অবস্থার পরিবর্তন তাপমাত্রা ও চাপের পরিবর্তনের মাধ্যমে ঠান্ডা হয়। ইভাপোরেটরে (Evaporator) তাপ শোষণের মাধ্যমে শীতাতপ নিয়ন্ত্রণ বা এয়ারকন্ডিশনিং ক্রিয়া কার্যে রূপান্তরিত হয়ে থাকে। ইভাপোরেটর টিউব অ্যান্ড ফিন টাইপ (Tube And Fin Type) একটি হিট এক্সচেঞ্জার (Heat Exchanger), বা গাড়িতে প্যাসেজার কম্পার্টমেন্টের পেছনে/সামনে অবস্থান করে শীতল বা গরম বাতাস নিয়ন্ত্রিত করে গাড়ির অভ্যন্তরে সরবরাহ করে। এখানে তরল হিমায়ক প্রবেশ করে তাপ শোষণের (Heat Absorbed) মাধ্যমে বাষ্পীভূত হয়, অর্থাৎ তরল হিমায়ক বাষ্পীয় হিমায়কে পরিণত হয়, যার চাপ ৩০ পিএসআই (২০০ কেপিএ) এবং তাপমাত্রা ৩২° ফাঃ (০° সে.)। এই লো-প্রেসার ভ্যাপার রেফ্রিজারেন্ট অ্যাকুমুলেটরের (Accumulator) মধ্য দিয়ে প্রবাহিত হয়ে সম্পূর্ণ বাষ্পীভূত হিমায়ক কম্প্রসরে (Compressor) প্রবেশ করে। কম্প্রসর লো-প্রেসার ভ্যাপার রেফ্রিজারেন্টকে উচ্চ চাপীয় ও তাপীয় হিমায়কে (High Pressured and Temperature) পরিণত করে কন্ডেসারে (Condenser) প্রেরণ করে। কন্ডেসার

একটি টিউব অ্যান্ড ফিন টাইপ ( Tube and Fin Type) হিট এক্সচেঞ্জার, যা ইঞ্জিনের রেডিয়েটরের সামনে বসানো থাকে। কন্ডেন্সার হিমায়কের সুপ্ত তাপ অপসারণ করে তরলে পরিণত করে। উচ্চ চাপীয়তবল হিমায়ক নিয়ন্ত্রকের Refrigerant Controller) মাধ্যমে ইভাপোরেটরে প্রবেশ করে পারিপার্শ্বিক হতে সুপ্ততাপ গ্রহণ করে বাষ্পীয় হিমায়কে পরিণত হয়। এই বাষ্পীয় হিমায়ক আবার কম্প্রেসর দিয়ে শোষিত এবং কম্প্রেসড হয়ে কন্ডেন্সারে যায়। এভাবে প্রক্রিয়াটি অনবরত কাজ করে।



চিত্র: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের মেকানিক্যাল/ভেপার কম্প্রেসন সাইকেল

**সেলফ চেক (Self Check) - ৫: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম  
বজায় রাখা**

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

অতি সংক্ষিপ্ত প্রশ্নঃ

১. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনে কি রেফ্রিজারেন্ট ব্যবহার করা হয়?

**উত্তর:**

২. হস্তচালিত ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেম কিভাবে কাজ করে?

**উত্তর:**

৩. কম্প্রসর বন্ধ অবস্থায় বাতাস কি হারে মিক্সিং করে?

**উত্তর:**

৪. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের হিমায়েন ইলেকট্রো সার্ভো-কন্ট্রোল সিস্টেম কেন ব্যবহার করা হয়?

**উত্তর:**

৫. থার্মোস্ট্যাটিক সাইক্লিং সুইচ বা সাইক্লিং থার্মোস্ট্যাট কেন ব্যবহার করা হয়?

**উত্তর:**

৬. অ্যান্টিয়েন্ট টেম্পারেচার সুইচ কোথায় বসানো হয়?

**উত্তর:**

৭. স্ক্যান টুলস কাকে বলে?

**উত্তর:**

৮. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স কম্পোনেন্টগুলো কি কাজ করে?

**উত্তর:**

## উত্তরপত্র (Answer Key)- ৫: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম বজায় রাখা

১. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনে কি রেফ্রিজারেন্ট ব্যবহার করা হয়?

উত্তর: R-134a

২. হস্তচালিত ইলেকট্রনিক কন্ট্রোল সিস্টেম কিভাবে কাজ করে?

উত্তর: পাড়িচালক এয়ার কন্ডিশনিং নিয়ন্ত্রণের জন্য সিলেক্টর সুইচগুলো হাত দিয়ে সেটিং করে গাড়ির অভ্যন্তরে নিয়ন্ত্রিত প্রবাহ সৃষ্টি করে।

৩. কম্প্রসর বন্ধ অবস্থায় বাতাস কি হারে মিক্সিং করে?

উত্তর: কম্প্রসর বন্ধ অবস্থায় বাইরের সজীব বাতাস এবং নিয়ন্ত্রিত কম্প্রসর বাতাস ৪০% এবং ২০% হারে মিক্সিং করে নিয়ন্ত্রিত স্থানে প্রবেশ করে।

৪. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের হিমায়েন ইলেকট্রো সার্ভো-কন্ট্রোল সিস্টেম কেন ব্যবহার করা হয়?

উত্তর: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের হিমায়েন ইলেকট্রো সার্ভো-কন্ট্রোল সিস্টেম সচরাচর ব্যবহৃত কন্ট্রোলিং ডিভাইস, যা নিয়ন্ত্রিত বাতাসকে প্যাসেঞ্জার কম্পার্টমেন্টের চাহিদা অনুসারে তাপমাত্রা ও আর্দ্রতা নিয়ন্ত্রণ করে স্বয়ংক্রিয়ভাবে সরবরাহ করা যায়।

৫. থার্মোস্ট্যাটিক সাইক্লিং সুইচ বা সাইক্লিং থার্মোস্ট্যাট কেন ব্যবহার করা হয়?

উত্তর: থার্মোস্ট্যাটিক সাইক্লিং সুইচ বা সাইক্লিং থার্মোস্ট্যাট হিমায়েন সিস্টেমে ইভাপোরেটরের তাপমাত্রা নির্দিষ্ট মানে পৌঁছানোর আগে পর্যন্ত ইভাপোরেটরকে নিয়ন্ত্রণ করে।

৬. অ্যান্টিয়েন্ট টেম্পারেচার সুইচ কোথায় বসানো হয়?

উত্তর: অ্যান্টিয়েন্ট টেম্পারেচার সুইচ হিমায়েন সিস্টেমের ইনলেট এয়ার ডাক্টে বসানো হয়।

৭. স্ক্যান টুলস কাকে বলে?

উত্তর: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিটের কম্প্রসর পর্যবেক্ষণ একটি বিশেষ ডিভাইসের মাধ্যমেও বিভিন্ন সমস্যাসমূহ পর্যবেক্ষণ করা যায় একে স্ক্যান টুলস বলে।

৮. ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স কম্পোনেন্টগুলো কি কাজ করে?

উত্তর: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের হিমায়েন ইউনিটকে সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স কম্পোনেন্টগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ট্রান্সপোর্ট রেফ্রিজারেশনের হিটিং সিস্টেম, কুলিং সিস্টেম, হিউমিডিফিকেশন সিস্টেম, ডি-হিউমিডিফিকেশন সিস্টেমসমূহ স্বয়ংক্রিয়ভাবে চালু, বন্ধ, নিরাপত্তা বিধান ও নিয়ন্ত্রণ করার জন্য কম্পোনেন্টসমূহ অত্যাবশ্যিক। শুধু তাই নয় এটা সিস্টেমে বিভিন্ন সমস্যাবলী নির্দেশকের মাধ্যমে চিহ্নিত করে হিমায়েন ইউনিটকে নিরাপদ ও নির্বিঘ্ন পরিচালনা করে।

## টাস্ক শিট (Task Sheet)- ৫.১: এয়ার সাপ্লাই সিস্টেমগুলি চেক করে অপারেশনাল এবং নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা পূরণের জন্য রক্ষণাবেক্ষণ করা

**উদ্দেশ্য:** যথাযথ ভাবে এয়ার সাপ্লাই সিস্টেমগুলি চেক করতে এবং অপারেশনাল এবং নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা পূরণের জন্য রক্ষণাবেক্ষণ করতে পারবে।

### কাজের পদ্ধতি :

১. কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী PPE সংগ্রহ এবং পরিধান করুন।
২. কাজের প্রয়োজন অনুযায়ী টুলস ও সরঞ্জাম নির্বাচন এবং সংগ্রহ করুন।
৩. এয়ার সাপ্লাই সিস্টেম অরিফিস টিউব হতে শুরু করে ইভাপোরেটর হয়ে কম্প্রেসরের সাকশন লাইন পর্যন্ত লো প্রেশার সাইড ঠান্ডা অনুভূত হবে হয় কিনা হাত দিয়ে চেক করুন।
৪. এয়ার সাপ্লাই সিস্টেম সিলেক্টর ঘুরিয়ে নিয়ন্ত্রণ করুন।
৫. অপারেশনাল এবং নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা পূরণের জন্য প্রয়োজনে রক্ষণাবেক্ষণ করুন।
৬. কর্মক্ষেত্র কাজের প্রয়োজনীয়তা অনুযায়ী প্রস্তুত করুন।
৭. প্রাকটিক্যাল কাজ করার জন্য স্টেপ বাই স্টেপ ফলো করুন।
৮. টাস্ক শেষে টুলস, ইকুইপমেন্ট এবং ম্যাটারিয়ালস নির্দিষ্ট স্থানে রাখা।
৯. কাজের শেষে জায়গা পরিষ্কার পরিচ্ছন্ন করুন।



চিত্র: ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন এয়ার সাপ্লাই

## রেফারেন্স (Reference)

১. <https://www.superradiatorcoils.com/blog/4-main-refrigeration-cycle-components>
২. [https://www.researchgate.net/figure/Schematic-diagram-of-domestic-refrigerator\\_fig2\\_346765777](https://www.researchgate.net/figure/Schematic-diagram-of-domestic-refrigerator_fig2_346765777)
৩. <https://www.fixitapplianceservice.com/blog/how-to-know-if-your-refrigerator-thermostat-needs-repair>
৪. <https://areacooling.com/areacademy/basic-refrigeration-cycle-information/>
৫. <https://www.scribd.com/document/491921859/Exp-1-Wiring-Diagram>
৬. <https://www.danfoss.com/en/about-danfoss/our-businesses/cooling/the-fridge-how-it-works/>
৭. <http://www.refmech.com/equipment-manuals/true-freezer-wiring-diagram/>
৮. <https://www.sciencedirect.com/topics/engineering/mechanical-refrigeration>
৯. <https://www.indiamart.com/proddetail/lg-refrigerator-repairing-service-22235126555.html>
১০. <https://www.mishry.com/how-refrigerator-works>

## দক্ষতা পর্যালোচনা (Review of Competency)

প্রশিক্ষণার্থীর জন্য নির্দেশনা: প্রশিক্ষণার্থীর নিম্নোক্ত দক্ষতা প্রমাণ করতে সক্ষম হলে নিজেই কর্মদক্ষতা মূল্যায়ন করবে এবং সক্ষম হলে “হ্যাঁ” এবং সক্ষমতা অর্জিত না হলে “না” বোধক ঘরে টিকচিহ্ন দিন।		
কর্মদক্ষতা মূল্যায়নের মানদণ্ড	হ্যাঁ	না
কাজের প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্য রেখে উপযুক্ত পিপিই নির্বাচন ও ব্যবহার করতে সক্ষম হয়েছে		
কাজের প্রয়োজনীয়তা নির্ধারণের জন্য কাজের নির্দেশাবলী ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে		
কাজের প্রয়োজনীয়তার সাথে সজ্জা রেখে টুলস ও ইকুইপমেন্টস নির্বাচন করতে সক্ষম হয়েছে		
জবের প্রয়োজনীয়তা অনুযায়ী সংশ্লিষ্ট ম্যাটেরিয়ালস নির্বাচন করতে সক্ষম হয়েছে		
কাজের পদ্ধতির উপর ভিত্তি করে ইউনিট ও কম্পোনেন্ট প্রস্তুত করতে সক্ষম হয়েছে		
নিয়ন্ত্রণ সেটিংস পরীক্ষা এবং ইন্ডাস্ট্রি স্ট্যান্ডার্ড অনুযায়ী সমন্বয়করতে সক্ষম হয়েছে		
ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন এক্সেসরিজগুলি প্রয়োজনীয়তা এবং মানের উপর ভিত্তি করে টিউন বা নিয়ন্ত্রণ করতে সক্ষম হয়েছে		
পুরো সিস্টেমের রক্ষণাবেক্ষণ ASHRAE কোড অনুযায়ী করতে সক্ষম হয়েছে		
পূর্ববর্তী রক্ষণাবেক্ষণের রেকর্ডগুলি প্রতিষ্ঠিত রক্ষণাবেক্ষণ পদ্ধতির উপর ভিত্তি করে চেক এবং যাচাই করতে সক্ষম হয়েছে		
লুব্রিকেটিং সিস্টেমের ভেরিয়েবল এবং কম্পোনেন্টসমূহ চেক এবং রক্ষণাবেক্ষণ ম্যানুয়াল উপর ভিত্তি করে সমন্বয় করতে সক্ষম হয়েছে		
ওয়েল প্যারামিটার চেক এবং প্রস্তুতকারকের স্পেসিফিকেশন উপর ভিত্তি করে সমন্বয় করতে সক্ষম হয়েছে		
ওয়েল লিক এবং বাধ্যবাধকতাসমূহ সনাক্ত এবং প্রস্তুতকারকের রক্ষণাবেক্ষণ ম্যানুয়ালের উপর ভিত্তি করে সংশোধন করতে সক্ষম হয়েছে		
ব্যবহৃত ওয়েল ASHRAE কোড অনুযায়ী সঠিকভাবে ডিসপোস করতে সক্ষম হয়েছে		
ইভাপোরেটর/কনডেন্সার ইউনিট মান অনুযায়ী পরিষ্কার করতে সক্ষম হয়েছে		
রেফ্রিজারেন্টের টিউব এবং ফিটিং ব্যবস্থা প্রস্তুতকারকের স্ট্যান্ডার্ড মানের ভিত্তিতে অস্বাভাবিক অবস্থার জন্য চেক করতে সক্ষম হয়েছে		
প্যারামিটারগুলি প্রস্তুতকারকের রক্ষণাবেক্ষণ ম্যানুয়ালের উপর ভিত্তি করে পরিমাপ এবং বিশ্লেষণ করতে সক্ষম হয়েছে		
চাপ এবং তাপমাত্রা ড্রপ ইন্ডাস্ট্রির চাহিদার ভিত্তিতে পরীক্ষা এবং রেকর্ড করতে সক্ষম হয়েছে		
রেফ্রিজারেন্ট লিক চেক এবং মেরামত করতে সক্ষম হয়েছে		
ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন কম্পোনেন্ট, এক্সেসরিজ এবং Consumables স্ট্যান্ডার্ড অনুযায়ী পরিদর্শন করতে সক্ষম হয়েছে		
এয়ার ডিস্ট্রিবিউশন সিস্টেম কম্পোনেন্টগুলি চেক এবং বায়ু প্রবাহের হার ভারসাম্যপূর্ণ করতে সক্ষম হয়েছে		
এয়ার সাপ্লাই সিস্টেমগুলি চেক করতে এবং অপারেশনাল এবং নিয়ন্ত্রণের প্রয়োজনীয়তা পূরণের জন্য রক্ষণাবেক্ষণ করতে সক্ষম হয়েছে		

আমি (প্রশিক্ষণার্থী) এখন আমার আনুষ্ঠানিক যোগ্যতা মূল্যায়ন করতে নিজেকে প্রস্তুত বোধ করছি।

স্বাক্ষর ও তারিখঃ

প্রশিক্ষকের স্বাক্ষর ও তারিখঃ

## সিবিএলএম প্রনয়ন

“ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিট সার্ভিস ও মেরামত করণ” (অকুপেশন: রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) শীর্ষক কমপিটেন্সি বেসড লার্নিং ম্যাটারিয়াল (সিবিএলএম) টি – জাতীয় দক্ষতা সনদায়নের নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সমাহার কনসালটেন্টস লি: এর সহায়তায় প্যাকেজ SD-9C (তারিখ: ১৫ জানুয়ারী ২০২৪) এর অধিনে ২০২৪ এর আগষ্ট মাসে প্রণয়ন করা হয়েছে।

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পদবি	মোবাইল নম্বর ও ইমেইল
০১	সৌমেন্দ্র চন্দ্র ঢালী	লেখক	০১৬৭৩৩৮০৩১৭ soumendro.iae@gmail.com
০২	মাহমুদ পারভেজ	সম্পাদক	০১৭৭৭১৬০৭০১ brishty.rony@gmail.com
০৩	খান মোহাম্মদ মাহমুদ হাসান	কো – অর্ডিনেটর	০১৭৪০-৮৭৮৯৭ kmmhasan@gmail.com
০৪	মোঃ নজরুল ইসলাম	রিভিউয়ার	০১৭১১২৭৩৭০৮ ndewli@yahoo.com